

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
এতিম ও দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র
রাশুনিয়া, চট্টগ্রাম।

স্মারক নং-৪১.০১.১৫০০.০২৯.০০.০০০.৮২.২৬.৩৯

তারিখ-১৮.০৫.২০২৬ খ্রি:

প্রাকৃতিক ও মনোরম পরিবেশে সম্পূর্ণ বিনা খরচে (থাকা-খাওয়া,পোষাক,প্রশিক্ষণ উপকরণ ও প্রসাধনীসহ) আধুনিক কম্পিউটার ও ডিজিটাল ট্রেনিং এবং ইলেকট্রিক ওয়ারিং ও মেরামত কোর্সে ৬ মাস মেয়াদী প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি;

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রথম সমাধি স্থলে সমাজসেবা অধিদপ্তরাদীনে "এতিম ও দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, রাংগুনিয়া, চট্টগ্রামে ২০২৬-২০২৭ অর্থ বছরের জুলাই -২০২৬ হতে ৩১ ডিসেম্বর -২০২৬ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদে (৪৮ তম ব্যাচে) প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

যে ট্রেড/ কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে-

১. আধুনিক কম্পিউটার ও ডিজিটাল ট্রেনিং কোর্স ৬ মাস (২) ইলেকট্রিক ওয়ারিং ও মেরামত কোর্স ৬ মাস

প্রশিক্ষণার্থীর আসন সংখ্যা-

উভয় কোর্স হতে ৫০ (পঞ্চাশ) জন আবাসিক এবং ৫০ (পঞ্চাশ) জন অনাবাসিক মোট ১০০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

শিক্ষাগত যোগ্যতা ও বয়স-

আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম (অষ্টম) শ্রেণী পাস হতে হবে এবং বয়স ১৫ হতে ১৭ বছরে মধ্যে হতে হবে (বিশেষ ক্ষেত্রে ও বিবেচনায় বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য)

প্রশিক্ষণার্থীদের সুযোগ সুবিধা-

১. আবাসিক প্রশিক্ষণার্থীঃ-(ক) বাংলাদেশের বিভিন্ন জেলার সরকারী ও বেসরকারী শিশু পরিবার/শিশু সদন/এতিমখানাসমূহে লেখাপড়ায় অনগ্রসর নিবাসীগন এবং সুবিধাবঞ্চিত শিশুগন ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবাসিক প্রশিক্ষণার্থীদের ০৬ (ছয়) মাসের পূর্ণ মেয়াদে সরকারী বিধি বিধান মোতাবেক সম্পূর্ণ বিনামূল্যে থাকা-খাওয়া, পোষাক, প্রশিক্ষণ উপকরণ ও প্রসাধনীসহ সরকার কর্তৃক অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হয়।

(খ) প্রত্যেক কৃতকার্য প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণোত্তর সেবা হিসেবে ৪০০০/- (চার হাজার) টাকা হারে এককালীন পুনর্বাসন অনুদান প্রদান করা হবে।

২. অনাবাসিক প্রশিক্ষণার্থীঃ- স্থানীয় দুঃস্থ ও এতিম শিশু এবং রাত্তায় বসবাসরত দুরদশাগ্রস্থ শিশুগন ভর্তির জন্য আবেদন করতে পারবে। অনাবাসিক প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ কেন্দ্রে আসা যাওয়ার নিমিত্তে দৈনিক ২৫/- (পঁচিশ) টাকা হারে যাতায়াত ব্যয় প্রদান করা হবে (বরাদ্দ সাপেক্ষে)

ভর্তিচ্ছুক প্রশিক্ষণার্থীগন এতিম ও দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, রাংগুনিয়া, চট্টগ্রাম অথবা জেলা সমাজসেবা কার্যালয় ৮১, মুরাদপুর, চট্টগ্রাম এবং বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলশী, চট্টগ্রাম হতে ভর্তির ফরম সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরন করে ফরমে উল্লেখিত বর্ণনা মোতাবেক কাগজপত্র আগামী ২১.০৬.২০২৬ খ্রি:তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল পূর্বক পরবর্তী সাক্ষাতকার ও ভর্তির তারিখ জেনে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

ভর্তির ফরম অত্র প্রশিক্ষণ কেন্দ্রে হতে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে মোবাইল নম্বর-রিটু চাকমা-০১৫৫০৩-১১০৩৯৪, সুজিত বড়ুয়া-০১৮৭৫৬৪২৬৫৭ মোঃশরীফুল ইসলাম-০১৮৬৯৫৪৫৯৯৭ অথবা সরাসরি এ নাম্বারে-০১৭১৭১২০৯৬১ যোগাযোগ করা যেতে পারে।

***যোগাযোগ ব্যবস্থা-চট্টগ্রাম-কাপ্তাই রোডে চুয়েট/রাউজান তাপবিদ্যুৎ কেন্দ্র সংলগ্ন "শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রথম সমাধিস্থ, জিয়ানগর, রাংগুনিয়া, চট্টগ্রাম মেইন রাস্তার পার্শ্বে।

ভর্তি ফরমের সাথে যে সকল কাগজ পত্র সংযুক্ত করতে হবে-

১. সদ্য তোলা ছবি-২ কপি (২) জন্ম নিবন্ধন সদনপত্র ১ (এক)কপি (৩) নাগরিকত্বের সনদপত্র (ইউপি চেয়ারম্যান কর্তৃক-১কপি (৫)শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ১ কপি (সত্যায়িত)

মোঃ ছানুউল্লাহ

উপতত্ত্বাবধায়ক(অতিঃ দাঃ)

এতিম ও দুঃস্থ শিশুদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র,
রাংগুনিয়া, চট্টগ্রাম

তারিখ :-১৮.০৫.২০২৬ খ্রিঃ

স্মারক নং- ৪১.০১.১৫০০.০২৯.০০.০০০.২৬.৩৯ (১০০)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক/(প্রশাসন ও অর্থ)/(প্রতিষ্ঠান), কার্যক্রম/সামাজিক নিরাপত্তা শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, চট্টগ্রাম
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল) -----, চট্টগ্রাম বিভাগ
৭. প্রশাসক, উপজেলা পরিষদ, রাংগুনিয়া, চট্টগ্রাম
৮. উপজেলা নির্বাহী অফিসার, রাংগুনিয়া, চট্টগ্রাম
৯. তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), পিএইচটি সেন্টার, চট্টগ্রাম
১০. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), ----- চট্টগ্রাম।
১১. সহকারী প্রোগ্রামার আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. অফিসার্স ফোরাম, রাংগুনিয়া, চট্টগ্রাম
১৩. সভাপতি/ সম্পাদক, রাশুনিয়া প্রেস ক্লাব, রাশুনিয়া, চট্টগ্রাম
১৪. উপতত্ত্বাবধায়ক (সকল) সরকারী শিশু পরিবার বালক-----চট্টগ্রাম বিভাগ
১৫. বার্তা সম্পাদক পূর্বকোণ/আজাদী চট্টগ্রাম। আগামী ১৯.০৫.২০২৬ তারিখে আপনার বহল প্রচারিত পত্রিকায় প্রচার করার জন্য অনুরোধ করা হলো
১৬. নোটিশ বোর্ড, অত্র অফিস ও জেলা সমাজসেবা অফিস, চট্টগ্রাম